

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬/২৯ মে ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.১৬০—বরণ্য নজরুলসঞ্জীতশিল্পী, গবেষক, স্বরলিপিকার ও সঙ্গীতগুরু জনাব খালিদ হোসেন গত ২২ মে ২০১৯ তারিখে মৃত্যুবরণ করেন (ইমালিগ্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

২। জনাব খালিদ হোসেনের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬/২৭ মে ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৬৪৮১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৩ জ্যৈষ্ঠ ১৪২৬
ঢাকা: ২৭ মে ২০১৯

বরণ্য নজরুলসঙ্গীতশিল্পী, গবেষক, স্বরলিপিকার ও সঙ্গীতগুরু জনাব খালিদ হোসেন গত ২২ মে ২০১৯ তারিখে মৃত্যুবরণ করেন (ইনালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

জনাব খালিদ হোসেন ১৯৪২ সালে কলকাতায় জন্মগ্রহণ করেন। দেশ বিভাগের পর তিনি পরিবারের সঙ্গে বাংলাদেশের কুষ্টিয়া জেলায় এবং পরে ১৯৬৪ সাল থেকে ঢাকায় স্থায়ীভাবে বসবাস করেন।

প্রখ্যাত এ সঙ্গীতশিল্পী সুদীর্ঘকাল বেতার ও টেলিভিশনে সঙ্গীত পরিবেশন করে গেছেন। সঙ্গীতজীবনের শুরুতে তিনি আধুনিক গান, হামদ, না'ত, গীত ও গজলের শিল্পী হিসাবে সুখ্যাতি লাভ করলেও পরবর্তী সময়ে তিনি নজরুলসঙ্গীত চর্চায় আত্মনিয়োগ করেন এবং বিশিষ্ট এই সঙ্গীতধারাকে সাধারণ্যে জনপ্রিয় করে তোলার ক্ষেত্রে বিশেষ অবদান রাখেন। নজরুল গবেষণায় তাঁর গবেষণাকর্ম দেশের জ্ঞান ও তথ্য-সম্ভারকে আরও সমৃদ্ধ করেছে।

জনাব খালিদ হোসেন নজরুল সঙ্গীতের শিল্পী হিসাবে দেশে ও বিদেশে বিপুল পরিচিতি ও জনপ্রিয়তা লাভ করেন। তাঁর নজরুলসঙ্গীত, আধুনিক গান এবং ইসলামী গান নিয়ে মোট ১৯টি অ্যালবাম প্রকাশিত হয়।

বর্ণাঢ্য কর্মজীবনে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় এবং দেশের সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে সঙ্গীত বিষয়ে প্রশিক্ষক ও নিরীক্ষকের দায়িত্ব পালন করেছেন। এ ছাড়া তিনি নজরুল একাডেমী, হিন্দোল সঙ্গীত একাডেমীসহ বিভিন্ন সঙ্গীতশিক্ষা প্রতিষ্ঠানে নজরুলসঙ্গীতে প্রশিক্ষণ প্রদান করেছেন। তিনি বাংলাদেশ শিল্পকলা একাডেমী আয়োজিত 'সঙ্গীত শিক্ষা প্রশিক্ষণ কোর্স' এবং নজরুল ইন্সটিটিউট আয়োজিত 'শিল্পী প্রশিক্ষণ কোর্সে' নজরুলসঙ্গীত প্রশিক্ষক হিসাবে এবং নজরুলসঙ্গীতের আদি সুরভিত্তিক নজরুল স্বরলিপি প্রমাণীকরণ পরিষদের দায়িত্ব পালন করেন।

নজরুলসঙ্গীতের এ আত্মনিবেদিত শিল্পী তাঁর সাধনার স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ শিল্পকলা একাডেমী এবং পশ্চিমবঙ্গ নজরুল একাডেমী পদক, কলকাতা থেকে চুরুলিয়া পদকসহ অসংখ্য সম্মাননা ও স্বীকৃতি লাভ করেন। সঙ্গীতে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ২০০০ সালে মহান এই শিল্পী একুশে পদকে ভূষিত হন।

জনাব খালিদ হোসেনের মৃত্যুতে দেশ একজন বরণ্য কণ্ঠশিল্পীকে হারাল এবং সঙ্গীতজগতে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা জনাব খালিদ হোসেনের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd